**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়’র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫৮/২০১৭**

**ঢাকা, বুধবার ২২ মার্চ ২০১৭, ৮ চৈত্র ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি প্রকল্পসহ একনেকে ৯ প্রকল্প অনুমোদন

২। দেশের মানুষের ভাগ্য পরিবর্তনে যে কোনো ত্যাগ স্বীকার করতে প্রস্তুত
: মাগুরার জনসভায় প্রধানমন্ত্রী

৩। মুক্তিযুদ্ধের চেতনা তরুণ প্রজন্মের মধ্যে ছড়িয়ে দেওয়ার আহ্বান অর্থমন্ত্রীর

৪। স্বাধীনতাবিরোধীরা ইসলামের ভুল ব্যাখ্যা দিয়ে
মেধাবীদের সন্ত্রাস ও জঙ্গিবাদে জড়াচ্ছে : শিক্ষামন্ত্রী

৫। সমাজ ও রাষ্ট্রে আইনের শাসন প্রতিষ্ঠাই বড় চ্যালেঞ্জ : স্পিকার

৬। নতুন জেগে ওঠা ভূখন্ডের সম্ভাবনা কাজে লাগাতে হবে : পরিবেশ ও বনমন্ত্রী

৭। গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতির লক্ষ্যে গণহত্যা দিবস নিয়ে
কূটনৈতিক তৎপরতা চালাবে বাংলাদেশ : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

৮। নারীর ক্ষমতায়নে বাংলাদেশ বিশ্বে রোল মডেল : মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী

৯। শ্রমিকদের ক্ষতিপূরণে ত্রিপক্ষীয় তহবিল গঠনের আহ্বান শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রীর

১০। বিশ্ব পানি দিবস আজ

চলমান পাতা-২

**১। স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি প্রকল্পসহ একনেকে ৯ প্রকল্প অনুমোদন**

দেশের মানুষের স্বাস্থ্য ও পুষ্টি নিশ্চিত করতে চতুর্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি প্রকল্পসহ ৯টি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে **১** লাখ **২৩** হাজার ৩৪ কোটি টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে **১** লাখ ৪ হাজার **১৮৬** কোটি ৭৭ লাখ টাকা এবং বৈদেশিক সহায়তা থেকে **১৮** হাজার ৮৪৭ কোটি ২৩ লাখ টাকা। গতকাল **২১** মার্চ মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেকের বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেকের চেয়ারপারসন শেখ হাসিনা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.২)।

**২। দেশের মানুষের ভাগ্য পরিবর্তনে যে কোনো ত্যাগ স্বীকার করতে প্রস্তুত : মাগুরার জনসভায় প্রধানমন্ত্রী**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ বুকে নিয়ে দেশের দুঃখী মানুষের মুখে হাসি ফোটাতে কাজ করছেন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, আমি জাতির পিতার মেয়ে; কারও কাছে মাথা নত করতে জানি না, কাউকে ভয়ও করি না। দেশের মানুষের ভাগ্য পরিবর্তনে বাবা জীবন দিয়েছেন। বাংলার মানুষের কল্যাণে তার মতো আমিও জীবন উৎসর্গ করেছি। এ জন্য যে কোনো ত্যাগ স্বীকারে প্রস্তুত। গতকাল **২১** মার্চ মঙ্গলবার মাগুরা মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান স্টেডিয়ামে জেলা আওয়ামী লীগ আয়োজিত বিশাল জনসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। এর আগে প্রধানমন্ত্রী **১৫০** কোটি **৩১** লাখ টাকা ব্যয়ে শেষ হওয়া **১৯**টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও **১৭৭** কোটি **১১** লাখ টাকা ব্যয়ে ৯টি উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৩। মুক্তিযুদ্ধের চেতনা তরুণ প্রজন্মের মধ্যে ছড়িয়ে দেওয়ার আহ্বান অর্থমন্ত্রীর**

মুক্তিযুদ্ধের চেতনা তরুণ প্রজন্মের মাঝে ছড়িয়ে দিতে শিক্ষক-অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল **২১** মার্চ মঙ্গলবার রাজধানীর আজিমপুর গালর্স স্কুল অ্যান্ড কলেজে সেক্টর কমান্ডারস ফোরাম-মুক্তিযুদ্ধ '৭১ এর 'মুক্তিযুদ্ধের গৌরবকথা শোন' শীর্ষক এক জাতীয় কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে তিনি এই আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **প্রথম আলো** (পৃ.৯,ক.৫)

**৪। স্বাধীনতাবিরোধীরা ইসলামের ভুল ব্যাখ্যা দিয়ে মেধাবীদের সন্ত্রাস ও জঙ্গিবাদে জড়াচ্ছে : শিক্ষামন্ত্রী**

দেশের উন্নয়ন ও অগ্রগতিকে ব্যাহত করতে স্বাধীনতাবিরোধীরা ইসলামের ভুল ব্যাখ্যা দিয়ে মেধাবীদের সন্ত্রাস ও জঙ্গিবাদে জড়াচ্ছে বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, তারা ধর্মের অপব্যাখ্যা এবং কুমন্ত্রণার মাধ্যমে শিক্ষার্থীদের ধ্বংসের মুখে ঠেলে দেওয়ার অপচেষ্টা চালাচ্ছে। গতকাল **২১** মার্চ মঙ্গলবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সাউথ-ইস্ট ইউনিভার্সিটির ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৬). **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

**৫। সমাজ ও রাষ্ট্রে আইনের শাসন প্রতিষ্ঠাই বড় চ্যালেঞ্জ : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমীন চৌধুরী বলেছেন, সমাজ ও রাষ্ট্রে আইনের শাসন প্রতিষ্ঠা ও সবার জন্য সমান অধিকারের নিশ্চয়তা প্রদান করাই সবচেয়ে বড় চ্যালেঞ্জ। বাংলাদেশের সংবিধানে সব নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনে সমান আশ্রয় লাভের অধিকারের স্বীকৃতি এবং বিভিন্ন বিষয়ে অনেক আইন প্রণয়ন করা হয়েছে। গতকাল **২১** মার্চ মঙ্গলবার রাজধানীর ব্রিটিশ কাউন্সিল মিলনায়তনে বাংলাদেশের কমিউনিটি লিগ্যাল সার্ভিসেস (সিএলএস) কর্মসূচি আয়োজিত 'সেলিব্রেটিং চ্যালেঞ্জ এন্ড চেইঞ্জ : কমিউনিটি লিগ্যাল সার্ভিসেস ইন বাংলাদেশ' শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৭), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১)।

৬।  **নতুন জেগে ওঠা ভূখন্ডের সম্ভাবনা কাজে লাগাতে হবে : পরিবেশ ও বনমন্ত্রী**

পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু বলেছেন, একদিকে আমরা যেমন জমি হারাচ্ছি অন্যদিকে নতুন জমিও পাচ্ছি। নতুন চর জাগছে। সুন্দরবনের পাশে বিশাল জমি জেগে উঠেছে। এ সম্ভাবনা কাজে লাগাতে



হবে। তিনি বলেন, সিঙ্গাপুর সাগরের মাঝে থেকেও এ ধরনের জমি ব্যবহার করে তাদের ভূখণ্ডের আয়তন দ্বিগুণ করেছে। বাংলাদেশেরও এ সুযোগ কাজে লাগানো দরকার। গতকাল **২১** মার্চ মঙ্গলবার রাজধানীর আগারগাঁওয়ে বন ভবনে আন্তর্জাতিক বন দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১)।

৭।  **গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতির লক্ষ্যে গণহত্যা দিবস নিয়ে কূটনৈতিক তৎপরতা চালাবে বাংলাদেশ : পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

আগামী ২৫ মার্চের আগেই বিদেশে বাংলাদেশ মিশনগুলোতে গণহত্যাবিষয়ক তথ্য-উপাত্ত পাঠানো হবে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম। তিনি বলেন, ২৫ মার্চ আন্তর্জাতিক গণহত্যা দিবস হিসেবে স্বীকৃতি আদায়ের লক্ষ্যে নতুন উদ্যোগ গ্রহণ করেছে বাংলাদেশ। পররাষ্ট্র প্রতিমন্ত্রী জানান, গণহত্যা বিষয়ক জাতিসংঘের আরেকটি দিবস থাকায় বাংলাদেশের এ স্বীকৃতি পাওয়া বিশেষ জটিলতার মধ্যে পড়তে  পারে। তবে গণহত্যা দিবস পালনে স্বীকৃতি আদায়ের লক্ষ্য বাংলাদেশে গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি আদায়। গতকাল **২১** মার্চ মঙ্গলবার চট্টগ্রাম থেকে কোস্টগার্ডের জাহাজ 'তাজউদ্দিনে' করে সমুদ্র এলাকা পরিদর্শনকালে গণমাধ্যমকে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **সমকাল** (পৃ.৩,ক.৬)।

৮।  **নারীর ক্ষমতায়নে বাংলাদেশ বিশ্বে রোল মডেল : মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশ নারীর অগ্রযাত্রায় উল্লেখযোগ্য সফলতা অর্জন করেছে এবং যার ফলে নারীর ক্ষমতায়নে বিশ্বের বুকে রোল মডেলে পরিণত হয়েছে। সম্প্রতি যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে প্রতিষ্ঠানটির 'কমিশন অন দ্যা স্ট্যাটাস অব উইমেন'-এর (সিএসডব্লিউ) ৬১তম সেশনে কান্ট্রি স্টেটমেন্ট পর্বে মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.**১), ইত্তেফাক** (পৃ.৪,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৯।  **শ্রমিকদের ক্ষতিপূরণে ত্রিপক্ষীয় তহবিল গঠনের আহ্বান শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রীর**

বর্তমান অর্থনৈতিক অবস্থার পাশাপাশি শ্রমিকদের বাস্তবতার পরিপ্রেক্ষিতে সরকার ক্ষতিপূরণ দেবে বলে জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক। তিনি বলেন, শ্রমিকের ক্ষতিপূরণের নামে অবাস্তব সুপারিশ করলে হবে না, বাস্তবতার পরিপ্রেক্ষিতে চিন্তা করতে হবে। ক্ষতিপূরণ তহবিলে সরকার, মালিক ও শ্রমিকদের অংশগ্রহণ থাকতে হবে। গতকাল **২১** মার্চ মঙ্গলবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'কর্মক্ষেত্রে দুর্ঘটনাজনিত কারণে আহত ও নিহত শ্রমিকের ক্ষতিপূরণ বিষয়ে জাতীয় মানদন্ড' শীর্ষক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন । সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **প্রথম আলো** (পৃ.১৩,ক.৬)।

১০।  **বিশ্ব পানি দিবস আজ**

আজ ২২ মার্চ বিশ্ব পানি দিবস। এ বছর দিবসটির প্রতিপাদ্য হলো-'বর্জ্য পানি ব্যবস্থাপনা'। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও পালিত হচ্ছে দিবসটি। ১৯৯৩ সাল থেকে প্রতি বছর ২২ মার্চ বিশ্ব পানি দিবস পালিত হয়ে আসছে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, ইনকিলাব, ডেইলি সান, নিউ এজ :** ভূমি ব্যবহার সম্পর্কিত নতুন আইন ‘নগর ও অঞ্চল পরিকল্পনা আইন, ২০১৭’ প্রণীত হওয়ায় ভূমি ব্যবস্থাপনায় শৃঙ্খলা প্রতিষ্ঠা এবং কৃষিজমি রক্ষায় আইনটি যথাযথভাবে কার্যকর করার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** চট্টগ্রামের রামগড়-সীতাকুণ্ড বনভূমির মধ্য দিয়ে **১৩** কিলোমিটার দীর্ঘ বিদ্যুৎ সঞ্চালন লাইন তৈরির পরিকল্পনা বাস্তবায়ন করতে গিয়ে সংরক্ষিত এ বনাঞ্চল যেন ধ্বংস না হয় সে বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার সুপারিশ।



গ. **জনকণ্ঠ, প্রথম আলো :** দেশের **১৭** হাজার প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ছাড়া চলার বিষয় তুলে ধরে যথাযথ কর্তৃপক্ষকে এ ব্যাপারে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঘ. **সমকাল :** তিন বছর আগে মন্ত্রিসভায় শিশুদের জন্য পৃথক শিশু অধিদপ্তর করার সিদ্ধান্ত হলেও তা বাস্তবায়ন না হওয়ায় এ সিদ্ধান্তটির দ্রুত বাস্তবায়নের প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **যুগান্তর :** সব থানা ও ফাঁড়ির নিরাপত্তা বাড়ানোর জন্য ডিএমপি’র সব ইউনিটকে সতর্ক করে ডিএমপি কমিশনারের চিঠি দেওয়ায় শুধু থানায় সতর্কতা নয় জনগণের নিরাপত্তাও নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

চ. **ভোরের কাগজ :** সম্প্রতি ফিশিং ট্রলারে ডাকাতির ঘটনা বেড়ে যাওয়ায় জেলেদের রক্ষায় জলদস্যুদের ঠেকাতে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন :** জনস্বার্থে বিশুদ্ধ খাবার পানির নিশ্চয়তা বিধানে সরকারকে বোতলজাত দূষিত পানি সরবরাহকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার আহ্বান।

জ. **ডেইলি সান :** পাট শিল্পের উন্নয়নে এ খাতে নতুন নতুন বিনিয়োগের ব্যবস্থা করা, কারখানাগুলোকে আধুনিকায়ন করা ও পণ্য বহুমুখীকরণের দ্বারা রপ্তানি বাজার বৃদ্ধির ওপর গুরুত্বারোপ।

ঝ. **নিউজ টুডে :** ‘প্রবাসী কল্যাণ বোর্ড আইন, ২০১৭’ এর খসড়া মন্ত্রিসভায় অনুমোদন হওয়ার পরিপ্রেক্ষিতে প্রবাসী শ্রমিকদের সুরক্ষায় এ আইনের যথাযথ বাস্তবায়নের প্রত্যাশা।

ঞ. **নিউ নেশন :** বাংলাদেশ মেডিকেল কলেজ হাসপাতালের ডাক্তারদের ধর্মঘটে রোগীদের দুর্ভোগ তুলে ধরে বাংলাদেশ মেডিকেল স্টাডিস এণ্ড রিসার্চ ইনস্টিটিউটকে এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে বর্জ্যপানির লবণাক্ততা শোধন করার প্লান্ট হতে পারে লবণের উৎস। সেজন্য সময়ের ও ভবিষ্যতের প্রয়োজনে আমাদের বর্জ্যপানি শোধন ও পুনঃব্যবহার করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘মাতৃ ও শিশুস্বাস্থ্যে সহায়ক পরিবেশ সৃষ্টি জরুরি’** শিরোনামের নিবন্ধে মো. হাবিবুর রহমান মা ও নবজাতকের সার্বক্ষণিক যত্নের বিষয়ে ব্যাপক জনসচেতনতার বিষয়টি বিশেষ গুরুত্বপূর্ণ হওয়ায় টেলিভিশন, রেডিও, বিশেষ করে প্রত্যন্ত অঞ্চলের প্রতিনিধিত্বকারী কমিউনিটি রেডিও এবং সংবাদপত্র তাদের অনুষ্ঠানমালা এবং লেখনীর মাধ্যমে মা ও শিশুর জীবনকে নিরাপদ করতে উদ্যোগী ভূমিকা পালন করলে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন করা সম্ভব হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা